#### এক নজরে ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম




**পটভূমি ঃ**

বাংলাদেশ বন অধিদপ্তরে নিয়োজিত কারিগরি জ্ঞান সম্পন্ন কর্মকর্তা ও ফরেস্ট রেঞ্জারদের প্রশিক্ষণ প্রদানের একমাত্র শীর্ষ প্রতিষ্ঠান ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম। যেটা এককভাবে দেশের জাতীয় বনজ সম্পদ সংরক্ষণ এবং সুষ্ঠু বন ব্যবস্থাপনার জন্য দায়িত্ব পালন করে আসছে। ১৯৬৩ সালে চট্টগ্রাম শহরের আগ্রাবাদে সাবেক পূর্ব পাকিস্তান বর্তমানে বাংলাদেশ বন মহাবিদ্যালয় এর অগ্রযাত্রা শুরু হয়। পরবর্তীতে ১৯৬৭ সনে বন গবেষনাগার ইনস্টিটিউট চট্টগ্রাম সংলগ্ন নিজস্ব আনুমানিক ৩.৮৬ একর পাহাড়ী এলাকার আলাদা চত্তরে মহাবিদ্যালয়টি স্থানান্তরিত হয়। প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৯৮২ সনে বন গবেষনাগারের অদূরে ১১.১২ একর পাহাড়ী জমি হুকুম দখল করা হয়। পশ্চিম দিকে নাসিরাবাদ শিল্প এলাকা এবং পূর্ব ও উত্তর দিকে হিলভিউ হাউজিং সোসাইটি ও দক্ষিন দিকে রহমান নগর অবস্থিত। ১৯৮২ সনে নতুন চত্তরে বন মহাবিদ্যালয় এর প্রশাসনিক তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের কয়েকটি আবাসিক ভবন নির্মান কাজ শুরু হয়। পরবর্তীতে ১৯৮৫ সনের মাঝামাঝি সময়ে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম নব নির্মিত ভবনে স্থায়ীভাবে স্থানান্তর করা হয়। পরবর্তীতে ২০০২ সালে জনবল ও অবকাঠামো সুবিধাদি সঠিক রেখে ফরেস্ট একাডেমি নাম করন করা হয়।

**প্রতিষ্ঠানের নাম ঃ**

ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম। ইতিপূর্বে বাংলাদেশ বন মহাবিদ্যালয় নামে পরিচিতি ছিল। বন বিষয়ে বন কর্মকর্তাদের উচ্চতর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির জন্য ক্ষেত্রে ইহা বাংলাদেশের শীর্ষ প্রশিক্ষণ একাডেমি।

**অবস্থান ঃ**

চট্টগ্রাম মহানগরীর পূর্ব নাছিরাবাদ শিল্প এলাকা ও হিলভিউ হাউজিং সোসাইটির মাঝে নয়নাভিরাম সৌন্দর্যমন্ডিত পাহাড়ী ভূমিতে ফরেস্ট একাডেমি অবস্থিত। এটি চট্টগ্রাম বিমান বন্দর হতে প্রায় ২৪ কিলোমিটার এবং চট্টগ্রাম রেলস্টেশন হতে প্রায় ৮ কিলোমিটার দূরে অবস্থিত।

**প্রতিষ্ঠাকাল** ঃ ১৯৬৩ খ্রিস্টাব্দ

**লক্ষ্য ও উদ্দেশ্য ঃ**
বন বিভাগের কর্মকর্তাদের বন বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বন ব্যবস্থাপনায় দক্ষ মানব সম্পদ গড়ে তুলে দেশের বনজ সম্পদের সংরক্ষণ ও উন্নয়ন।

প্রশাসন ঃ অত্র একাডেমির প্রধান হলো পরিচালক যা বন অধিদপ্তরের বন সংরক্ষকের পদমর্যাদা সম্পন্ন যিনি প্রশাসনিক সকল কার্যক্রম সার্বক্ষনিকভাবে তত্ত্বধায়ন করেন। ফরেস্ট একাডেমি (উপ- প্রধান বন সঙরক্ষকের) (প্রশিক্ষণ ও শিক্ষা) এর সরাসরি বন অধিদপ্তরে তত্ত্বধায়নে পরিচালিত হয়ে থাকে।

## প্রশিক্ষণ কার্যক্রম ঃ

১। উপ বন সংরক্ষক/বিভাগীয় বন কর্মকর্তাগনকে আধুনিক বন বিষয়ে প্রশিক্ষণ সম্পর্কে উচ্চতর প্রশিক্ষণ প্রদান।

২। বিসিএস (বন ) ক্যাডারের নিয়োগ প্রাপ্ত সহকারী বন সংরক্ষকদের এক বছর মেয়াদী মাস্টার অব ফরেস্ট্রি ডিগ্রী প্রদান।

৩। সহকারী বন সংরক্ষক, ফরেস্ট রেঞ্জার/ডেপুটি রেঞ্জারদের ওরিয়েন্টেশন, রিফ্রেসার্স কোর্স ও স্বল্পকালীন কোর্সে প্রশিক্ষণ প্রদান।

৪। বন, পরিবেশ ও বন্য প্রাণী সম্পর্কীয় সেমিনার/ওয়ার্কসপের আয়োজন করা।

## প্রশিক্ষণ প্রাপ্ত জনবল ঃ

১৯৬৩ সাল থেকে ২০২০ সালের জুন পর্যন্ত মোট ৩,১৯০ জন বিভিন্ন পর্যায়ের বন কর্মকর্তাগণকে বন বিষয় উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

| | | |
|---|---|---|
| ১। | এম.এস সি ইন ফরেস্ট্রি- | ২৮ জন |
| ২। | এম এফ ইন ফরেস্ট্রি- | ৩০ জন |
| ৩। | বি.এসসি ( পাশ) ইন ফরেস্ট্রি- | ১১৯ জন |
| ৪। | ডিপ্লোমা ইন ফরেস্ট্রি- | ৭৬ জন |
| ৫। | স্বল্পকালীন কোর্স (রিফ্রেসার্স ও ওরিয়েন্টেশন কোস ) | ২,৯৩৭ জন |
| | মোট ঃ | ৩,১৯০ জন |

## ২০১৯-২০২০ অর্থ বছরের সমাপ্তকৃত প্রশিক্ষণের নাম ঃ

| ক্র/নং | কোর্সের নাম | ব্যপ্তিকাল | অংশগ্রহণকারীদের পদবী | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | বন আইন এবং অন্যান্য সংশ্লিষ্ট আইন সমূহ সম্পর্কে স্বল্পকালীন কোর্স | ৫ দিন (২৬/০১/২০২০- ৩০/০১/২০২০) | ফরেস্ট রেঞ্জার/ ডেপুটি রেঞ্জার/ ফরেস্টার | ২৫ জন |
| ২. | বন আইন এবং অন্যান্য সংশ্লিষ্ট আইন সমূহ সম্পর্কে স্বল্পকালীন কোর্স | ৫ দিন (০৮/০৩/২০২০- ১২/০৩/২০২০) | ফরেস্ট রেঞ্জার/ ডেপুটি রেঞ্জার/ ফরেস্টার | ২৫ জন |

## বর্তমান কার্যক্রম ঃ

চলতি ২০২০-২০২১ অর্থ বছরে পরিচালন খাত, টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প এবং SID-CHT প্রকল্পের আওতায় বিভাগীয় বন কর্মকর্তা, সহকারী বন সংরক্ষক, ফরেস্ট রেঞ্জার, ডেপুটি রেঞ্জার ও ফরেস্টারদের জন্য প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নের প্রস্তুতি চলছে।

## বিদ্যমান সুযোগ-সুবিধা ঃ

প্রশিক্ষণার্থীদের জন্য একটি সুসজ্জিত অফিসার্স ডরমেটরী, একাডেমিক ভবন, অডিটোরিয়াম, খেলার মাঠ, লাইব্রেরী, ল্যাবরেটরী, কম্পিউটার, ওভারহেড প্রজেক্টর, মাল্টিমিডিয়া এবং জেনারেটর সহ নিজস্ব পরিবহন ব্যবস্থা আছে।

## উপসংহার ঃ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন এবং বন অধিদপ্তরের শিক্ষা ও প্রশিক্ষণ উইং এর নিয়ন্ত্রাধীন, বন একাডেমি, চট্টগ্রাম। মাঠ পর্যায়ে দক্ষ বন কর্মকর্তা গড়ে তোলার লক্ষ্যে যেমন সহকারী বন সংরক্ষদের এম এফ-ইন ফরেস্ট্রি কোর্স স্বল্পকালীন, রিফেসার্স কোর্স, ওরিয়েন্টশন কোর্স, ফরেস্ট রেঞ্জার ও ডেপুটি রেঞ্জারদের স্বল্পকালীন কোর্স সফলতার সাথে প্রদান করে যাচ্ছে। উল্লেখ্য যে, অত্র বন একাডেমী যুগোপযোগী বিজ্ঞান ভিত্তিক জ্ঞান প্রদানে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।

## সাংগঠনিক কাঠামো ঃ

| ক্র/নং | পদের নাম | সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদের সংখ্যা | সমাপ্ত উন্নয়ন প্রকল্প থেকে স্থানান্তরিত পদের সংখ্যা | | সর্বমোট পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | এফআরএমপি | এফএসপি | | | | |
| ১ | পরিচালক (বন সংরক্ষক) | ১ | - | - | ১ | ০ | ১ | |
| ২ | উপ-বন সংরক্ষক | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ৩ | সহকারী-বন সংরক্ষক | ২ | - | - | ২ | ০ | ২ | |
| ৪ | লাইব্রেরীয়ান | ১ | - | - | ১ | ০ | ১ | |
| ৫ | চীফ ইনষ্ট্রাক্টর | ১ | - | - | ১ | ০ | ১ | |
| ৬ | সিনিয়ির ইনষ্ট্রাক্টর | ১ | - | - | ১ | ০ | ১ | |
| ৭ | ইনষ্ট্রাক্টর | ২ | - | - | ২ | ১ | ১ | |
| | ১ম শ্রেণী মোট ঃ | ৯ | - | - | ৯ | ২ | ৭ | |
| ৮ | ফিজিক্যাল/পিটি ইনষ্ট্রাক্টর | ১ | - | - | ১ | ০ | ১ | |
| ৯ | ডেমোনেষ্ট্রেটর | ২ | - | - | ২ | ০ | ২ | |
| ১০ | ফরেস্ট রেঞ্জার | ২ | - | - | ২ | ১ | ১ | |
| | ২য় শ্রেণী মোট ঃ | ৫ | - | - | ৫ | ১ | ৪ | |
| ১১ | প্রধান সহকারী | ১ | - | - | ১ | ০ | ১ | |
| ১২ | উচ্চমান সহকারী | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ১৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩ | - | - | ৩ | ১ | ২ | |
| ১৪ | স্টেনো গ্রাফার কাম কম্পিউটার অপারেটর | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ১৫ | স্টোর কিপার | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ১৬ | কম্পিউটার অপারেটর | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ১৭ | লাইব্রেরী এ্যাসিসটেন্ট | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ১৮ | ফরেস্টার | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ১৯ | পাম্প অপারেটর/ডিপ-টিউব-ওয়েল অপারেটর | ১ | - | - | ১ | ১ | ০ | |
| ২০ | ড্রাইভার | ২ | ১ | - | ৩ | ২ | ১ | |
| | ৩য় শ্রেণী মোট ঃ | ১৩ | ১ | ০ | ১৪ | ১০ | ৪ | |
| ২১ | অফিস সহায়ক | ৪ | - | - | ৪ | ৩ | ১ | |
| ২২ | নিরাপত্তা প্রহরী | ২ | - | - | ২ | ২ | ০ | |
| ২৩ | পরিচ্ছন্নতা কর্মী | ৩ | - | - | ৩ | ৩ | ০ | |
| ২৫ | বাবুচী | ১ | - | ১ | ২ | ০ | ২ | |
| ২৬ | মালী | ৩ | ১ | - | ৪ | ৪ | ০ | |
| ২৭ | ল্যাবরেটরী বেয়ারার | ১ | - | - | ১ | ০ | ১ | |
| ২৮ | ওয়াটার ক্যারিয়ার হেলপার | ১ | - | ০ | ১ | ১ | ০ | |
| ২৯ | সহকারী বাবুর্চী | - | - | ১ | ১ | ০ | ১ | |
| ৩০ | পরিচ্ছন্নতা কর্মী (আউট সোর্সিং) | - | - | ১ | ১ | ১ | ০ | |
| | ৪র্থ শ্রেণী মোট ঃ | ১৫ | ১ | ৩ | ১৯ | ১৬ | ৫ | |
| | সর্বমোট ঃ | ৪২ | ২ | ৩ | ৪৭ | ২৭ | ২০ | |